



বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)
কোটবাড়ী, কুমিল্লা, বাংলাদেশ

Bangladesh Academy for Rural Development (BARD)
Kotbari, Cumilla, Bangladesh



বঙ্গবন্ধুর দর্শন, সমবায় উন্নয়ন

৬ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ

স্মারক নং- ৪৭.৬৩.০০০০.০১০.১৪.০৮৬.২০/১৮

তারিখ : -----
২১ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : বার্ড এর বার্ষিক বাংলা জার্নাল "পল্লী উন্নয়ন"-এ প্রকাশের জন্য নিবন্ধ আহ্বান।

‘পল্লী উন্নয়ন’ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)-এর একটি বার্ষিক বাংলা জার্নাল। বাংলা ভাষায় ব্যাপকতর পল্লী উন্নয়ন চর্চা এবং এ কাজে উৎসাহ প্রদানের লক্ষ্যে এটি বার্ডের একটি উদ্যোগ। এ জার্নালের ২০২০ (২৩তম) সংখ্যার জন্য আপনার অথবা আপনার প্রতিষ্ঠানের সংশ্লিষ্টদের (শিক্ষক/গবেষক/কর্মকর্তা/ছাত্র-ছাত্রী) নিকট থেকে পল্লী উন্নয়ন সংক্রান্ত তাত্ত্বিক ও ব্যবহারিক ক্ষেত্রে গবেষণার্থী ও গবেষণাজাত নিবন্ধ আহ্বান করা যাচ্ছে। নিবন্ধ প্রণেতাগণের জন্য তথ্যাবলী এতদসঙ্গে সংযুক্ত করা হলো। নিবন্ধটি ছাপা হলে লেখককে একাডেমির নীতিমালা অনুযায়ী সম্মানী দেয়া হয় এবং ০২টি জার্নাল বিনামূল্যে দেয়া হয়।

নিবন্ধের দু’টি হার্ড কপি এবং সফটকপি যথাশীঘ্র সম্ভব নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য সংশ্লিষ্টদের বিশেষভাবে অনুরোধ করা হলো।

(মোঃ সফিকুল ইসলাম)

পরিচালক (পল্লী অর্থনীতি ও ব্যবস্থাপনা)

সম্পাদক

পল্লী উন্নয়ন জার্নাল

বার্ড, কুমিল্লা

E-mail : dirruraleco@bard.gov.bd/

sntinni@yahoo.com

মোবাইলঃ ০১৭১৫১৭২৪৩০

টেলিফোনঃ ০৮১-৬০৬০১-৬, ৬৫০১১, ৬৫০৭০, Telephone: 081-60601-6, 65011, 65070, Fax: 880-81-68406,

E-mail : dg@bard.gov.bd or training.bard@gmail.com or diradmin@bard.gov.bd Website: www.bard.gov.bd

নিবন্ধ প্রণেতাগণের জন্য তথ্যাবলী

“পল্লী উন্নয়ন” বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড) কর্তৃক বাংলায় প্রকাশিত একটি বার্ষিক জার্নাল। প্রতি বছরের অগ্রহায়ণ-পৌষ (ডিসেম্বর) মাসে এ জার্নাল প্রকাশিত হয়। পল্লী উন্নয়নের সাথে সম্পৃক্ত বিভিন্ন বিষয়ে মৌলিক গবেষণাধর্মী নিবন্ধ এতে মুদ্রিত হয়। গ্রামীন মানুষের জীবন ও জীবিকায়ন, পল্লী অর্থনীতি, কৃষি ও পরিবেশ উন্নয়ন, জেডার উন্নয়ন, পল্লী শিক্ষা, স্বাস্থ্য ও পুষ্টি উন্নয়ন, উন্নয়ন যোগাযোগ, গ্রামীণ স্থানীয় সরকার, উন্নয়ন প্রশাসন, গ্রামীণ সমাজ ও সংস্কৃতি, পল্লী ব্যবসা বাবস্থাপনা, সমবায়, গ্রামীণ অবকাঠামো, ক্ষুদ্র ঋণ প্রভৃতি বিষয়ে মৌলিক ও গবেষণাধর্মী নিবন্ধসমূহকে মুদ্রণের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হয়। উল্লিখিত বিষয়ে নিবন্ধ প্রেরণের জন্য নিবন্ধ প্রণেতাগণের জন্য প্রয়োজনীয় তথ্যাবলী নিহ্নে উল্লেখ করা হলঃ

- ১। বাংলা একাডেমীর প্রমিত বানান অনুসরণ করে নিবন্ধ প্রণয়ন করতে হবে। নিবন্ধের পরিসর ৪৫০০-৫০০০ শব্দের মধ্যে সীমিত রাখা বাঞ্ছনীয়।
- ২। এ-৪ (A-4) সাদা কাগজের চার পার্শ্বে এক ইঞ্চি মার্জিন রেখে ১২ ফন্টে ডাবল স্পেসে মূল পাণ্ডুলিপি প্রস্তুত করতে হবে। বাংলা কম্পোজে বিজয় সুতান্নি এমজে এবং ইংরেজী শব্দ কম্পোজের ক্ষেত্রে টাইম নিউ রোমান ফন্টের ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ৩। নিবন্ধের দুই কপি (হার্ড) (সিঙ্গেল পৃষ্ঠার) সম্পাদক, “পল্লী উন্নয়ন” বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমীর বার্ষিক জার্নাল, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কোটবাড়ী, কুমিল্লা বরাবর প্রেরণ করতে হবে। নিবন্ধের সফট কপি সিডিতে সম্পাদক বরাবর প্রেরণ করা যেতে পারে। ই-মেইল এর মাধ্যমে ও সফট কপি প্রেরণ করা যেতে পারে।
- ৪। নিবন্ধ প্রণয়নের ক্ষেত্রে নিবন্ধের সংক্ষিপ্তসার (অনধিক ১৫০ শব্দ) সহ নিবন্ধের উদ্দেশ্য ও পদ্ধতি উল্লেখ করতে হবে।
- ৫। নিবন্ধের সাথে পৃথকভাবে একটি কভার পেজ সম্পৃক্ত করে নিবন্ধের ও লেখকের নাম অন্তর্ভুক্ত করতে হবে। নিবন্ধের অন্য কোন পৃষ্ঠায় লেখকের নাম অন্তর্ভুক্ত করা যাবে না। পৃথকভাবে অপর একটি কাগজে লেখকের নাম, পরিচিতি, প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা উল্লেখ করা যেতে পারে।
- ৬। সহায়ক গ্রন্থাবলী ও পাদটিকা লেখার ক্ষেত্রে গ্রহণযোগ্য রীতি অনুসরণ করতে হবে। সহায়ক গ্রন্থাবলী ও পাদটিকায় লেখক, গ্রন্থ/সাময়িকীর নাম (খন্ড, সংখ্যা ও নম্বরসহ), প্রকাশক, বছর ও পৃষ্ঠা নম্বর উল্লেখ করতে হবে।
- ৭। প্রচলিত নিয়মানুযায়ী সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ কর্তৃক নিবন্ধটি মূল্যায়িত হবে। বিশেষজ্ঞের মতামত ও জার্নালের সম্পাদনা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী নিবন্ধ মুদ্রণের বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে। অমনোনীত নিবন্ধ ও সিডি ফেরৎ দেয়া হবে না তবে নিবন্ধটির মুদ্রণের সিদ্ধান্ত জানিয়ে দেয়া হবে।
- ৮। মুদ্রিত নিবন্ধ সম্বলিত জার্নালের কপি নিবন্ধকারকে বিনামূল্যে সরবরাহ করা হবে এবং নিবন্ধের জন্য বার্ড প্রকাশনা নীতিমালা অনুযায়ী সম্মানী প্রদান করা হবে।
- ৯। গৃহীত ও প্রকাশিত নিবন্ধ প্রকাশকের সম্পদ হিসেবে বিবেচিত হবে। প্রকাশিত কোন নিবন্ধ পুনঃ মুদ্রণ বা অন্য কোন যান্ত্রিক উপায়ে কপি করে প্রচার/ব্যবহার করতে হলে প্রকাশকের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।
- ১০। নিবন্ধকার নিবন্ধে ব্যবহৃত তথ্য, উপাত্ত, সূত্রের সঠিক ব্যবহার নিশ্চিত করবেন। নিবন্ধে প্রকাশিত তথ্য ও মতামত নিবন্ধকারের বক্তব্য হিসেবে বিবেচিত হবে। এ ক্ষেত্রে প্রকাশকের কোন দায়বদ্ধতা থাকবে না।